১৫৭

দৈনিক সংবাদ

তারিখ ... 12 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# স্কুলগুলোর বার্ষিক পরীক্ষা ৩০শে নভেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ

আবদুল্লাহ আল ফারুক ॥ প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর বার্ষিক পরীক্ষা ৩০শে নভেম্বরের মধ্যেই শেষ করতে বলা হয়েছে। ডিসেম্বরে ইউনিয়ন পরিষদের নির্বাচন করার কারণে স্থানীয় সরকার মন্ত্রণালয় গত ১৩ই আগস্ট শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিবদ্বয়ের কাছে চিঠি দিয়ে পরীক্ষা শেষ করার জন্য বলেছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র জানিয়েছে, গত সোমবার মন্ত্রিসভার বৈঠকে। ডিসেম্বরে ইউনিয়ন পরিষদ নির্বাচন করার প্রস্তাব অনুমোদিত হবার একদিন পরই স্থানীয় সরকার মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে চিঠি লেখে। স্থানীয় সরকার মন্ত্রণালয় নির্বাচন কমিশনকেও ডিসেম্বর মাসের মধ্যেই ইউনিয়ন পরিষদ নির্বাচন শেষ করতে বলেছে।

জানা গেছে, নির্বাচন কমিশন জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারদের সাথে আলাপ-আলোচনা করে জেলাভিত্তিক নির্বাচনের তারিখ নির্ধারণ করবে নির্বাচন কমিশনের সুবিধামত। তবে ১লা ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বরের মধ্যে নির্বাচন সমাপ্ত করা হবে। জানা গেছে, স্থানীয় সরকার কমিশন চার স্তরবিশিষ্ট স্থানীয় সরকারের যে রূপরেখা দিয়েছে তার উপর ভিত্তি করে বিল তৈরির কাজ চলছে। জাতীয় সংসদের আগামী অধিবেশনে এই বিল পাস করার চিন্তাভাবনা চলছে।

স্থানীয় সরকার মন্ত্রণালয় ইতিপূর্বে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও গ্রাম সরকারের ৪টি খসড়া বিল তৈরি করেছিল। মন্ত্রিসভার সিদ্ধান্তের কারণে তা আবার নতুন করে সংশোধন করা হচ্ছে। সচিব কমিটি ইতোমধ্যে একটি বৈঠক করেছে। গত ১২ই আগস্ট দ্বিতীয় বৈঠকটি গুরুত্বপূর্ণ কাজের জন্য হয়নি। আগামী ১৮ই আগস্ট পরবর্তী বৈঠক হবে।

জানা গেছে, গ্রাম সরকারের বিলের খসড়া তৈরি করে ইতোমধ্যেই ভেটিংয়ের জন্য আইন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। ইউনিয়ন পরিষদের বিলের খসড়ায় শুধু মহিলা সদস্যদের প্রত্যক্ষ ভোটে নির্বাচন সংক্রান্ত সংশোধন করতে হবে। বাকি ২টি অর্থাৎ জেলা ও উপজেলা পরিষদের খসড়া বিলে বেশকিছু সংশোধন করতে হবে। সূত্র জানায়, আগামী অধিবেশনে বিল পাসের জন্য চেষ্টা করা হচ্ছে। তবে সচিব কমিটির বিলগুলো চূড়ান্ত ও আইন মন্ত্রণালয়ের ভেটিংয়ের উপর নির্ভর করছে।